
যুগান্তর

৪ — ৬

# উচ্চতর পর্যায়ে ব্যবসায় শিক্ষা

বর্তমানে সারা পৃথিবীতেই ব্যবসায় প্রশাসনের বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষার ব্যাপক চাহিদা। বাংলাদেশেও এইচএসসি লেভেলে প্রচুর মেধাবী ছাত্রছাত্রী ব্যবসায় শিক্ষা গ্রুপে অধ্যয়নরত। কিন্তু দুঃখের বিষয় বিশ্ববিদ্যালয় পর্যায়ে ব্যবসায় শিক্ষার সুযোগ অপ্রতুল। বর্তমানে বাংলাদেশে মাল্টি ডিসিপ্লিনারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ে মাত্র চারটি বিষয়, যথা- হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, ব্যবস্থাপনা, বিপণন-এ বিবিএ প্রোগ্রাম চালু রয়েছে। শাহজালাল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং ঢা. বি.-এর ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউটে মাত্র একটি বিষয় সম্ভবত ব্যবস্থাপনা বিবিএ প্রোগ্রাম চালু রয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয়ে মাত্র দুটি বিষয়ও (যথা- হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা) বিবিএ প্রোগ্রাম চালু রয়েছে। অথচ এই সীমিত সংখ্যক আসনের মধ্যেও একটি অংশ বরাদ্দ থাকে বিজ্ঞান ও মানবিক থেকে আগত ছাত্রছাত্রীদের জন্য। অথচ মানবিক ও বিজ্ঞানের ছাত্রছাত্রীদের জন্য ওই প্রতিষ্ঠানগুলোতে প্রচুর বিষয়ে ব্যাচেলর ডিগ্রি প্রোগ্রাম চালু রয়েছে। যথা- বাংলা ভাষা ও সাহিত্য, ইংরেজি ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, সমাজতত্ত্ব, সমাজকল্যাণ, লোকপ্রশাসন, রাষ্ট্রবিজ্ঞান, নেতত্ত্ব, প্রত্নতত্ত্ব, ভাষাতত্ত্ব, অর্থনীতি, আইন, আন্তর্জাতিক সম্পর্ক, সংস্কৃত ও পালি/ উর্দু ও ফার্সি/ আরবি ভাষা ও সাহিত্য, ইসলামের ইতিহাস, ইসলামিক শিক্ষা, সাংবাদিকতা, গ্রন্থাগার বিজ্ঞান (মানবিকের জন্য)। বিজ্ঞানের জন্য পদার্থ বিজ্ঞান, রসায়নশাস্ত্র, গণিত, পরিসংখ্যান, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান, ঔষধ বিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, ফলিত রসায়ন, মৃত্তিকা বিজ্ঞান, ভূগোল, ভূতত্ত্ব, জৈব রসায়ন, অনুজীববিজ্ঞান ইত্যাদি। তাছাড়া ১৩টি মেডিক্যাল কলেজ, বুয়েট, কৃষি বিশ্ববিদ্যালয় ও কলেজ, বিআইটি, লেদার টেকনোলজি কলেজ, টেক্সটাইল টেকনোলজি কলেজ ইত্যাদি তো রয়েছেই। এমতাবস্থায় ব্যবসায় প্রশাসন অনুষদের সীমিতসংখ্যক আসন শুধু ব্যবসায় শিক্ষা গ্রুপের ছাত্রদের জন্যই বরাদ্দ রাখা উচিত। আরও উচিত পুরনো বিশ্ববিদ্যালয়গুলোতে নতুন নতুন বিষয়ে এবং নতুন বিশ্ববিদ্যালয়গুলোতে হিসাববিজ্ঞান, ফিন্যান্স এবং বিপণন বিষয়ে বিবিএ প্রোগ্রাম চালু করা।




**মনোজ ভৌমিক**, ৬৬১, কান্দিপাড়া, ব্রাহ্মণবাড়িয়া